ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৯২

ধর্মনগর,পানিসাগর,কুমারঘাট,খোয়াই,
তেলিয়ামুড়া,জিরানীয়া,মোহনপুর,বিশালগড়,
জম্পুইজলা,কমলপুর,সোনামুড়া,উদয়পুর,অমরপুর,
করবুক,শান্তিরবাজার,বিলোনীয়া,২১ জুন,২০২৪

## দশম আন্তর্জাতিক যোগা দিবস
## রাজ্যের জেলা ও মহকুমায় বিভিন্ন অনুষ্ঠান

'নিজের জন্য ও সমাজের জন্য যোগা' - এই ভাবনায় আজ দশম আন্তর্জাতিক যোগা দিবস রাজ্যের জেলা ও মহকুমাগুলিতে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে উদযাপন করা হয়। উত্তর ত্রিপুরা জেলায় যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে এবং ধর্মনগর পুরপরিষদের সহযোগিতায় বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবন প্রাঙ্গণে দশম আন্তর্জাতিক যোগা দিবসের জেলাভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, যোগাসন শরীর ও মনকে সুস্থ রাখে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধর্মনগর পুরপরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার। অনুষ্ঠানে অতিথিগণ যোগা প্রদর্শনীতে অংশ নেন।

উত্তর ত্রিপুরা জেলার পানিসাগর মহকুমার আঞ্চলিক শারীর শিক্ষন মহাবিদ্যালয়ের ইন্ডোর হলে মহকুমাভিত্তিক আন্তর্জাতিক যোগা দিবস অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিধায়ক বিনয়ভূষণ দাস অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা প্রমুখ। সভাপতিত্ব করেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। অনুষ্ঠানের শুরুতে মহকুমাভিত্তিক আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালি পানিসাগর নগর এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে। র‍্যালিতে অতিথিগণ সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও সামাজিক সংস্থার প্রতিনিধিরা অংশ নেন।

ঊনকোটি জেলার কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়াম প্রাঙ্গণে আজ সকালে কুমারঘাট পুরপরিষদ ভিত্তিক দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা, সমাজসেবী কার্তিক দাস, সমাজসেবী অনিমেষ সিনহা প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেয়।

খোয়াই সুভাষ পার্কস্থিত কালীবাড়ি নাটমন্দিরে আজ দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা ও খোয়াই পুরপরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা ক্রীড়া আধিকারিক কমলেন্দু শীল। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও অতিথিগণ সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেন।

২-এর পাতায়

তেলিয়ামুড়া মহকুমায় আজ নেতাজি নগরের লোকনাথ সেবামন্দিরে দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং তেলিয়ামুড়া পুরপরিষদ ও তেলিয়ামুড়া ব্লকের সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। মহকুমাভিত্তিক এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধানসভার সরকারি মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। তাছাড়াও উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান যমুনা দাস রায় প্রমুখ। অনুষ্ঠানে প্রধান অতিথি সরকারি মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী সাহা রায় যোগা দিবস উদযাপনের তাৎপর্য ব্যাখ্যা করে আলোচনা করেন। তিনি বলেন, যোগা শরীর ও মনকে সুস্থ রাখে। অনুষ্ঠানে অতিথিগণ, মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধি ও আধাসামরিক বাহিনীর জওয়ানগণ সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেন। অনুষ্ঠান শুরুর আগে আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন উপলক্ষে এক সুসজ্জিত শোভাযাত্রা তেলিয়ামুড়া পুরপরিষদ এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে।

জিরানীয়া মহকুমার বীরেন্দ্রনগর উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে আজ সকালে দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস। উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিক নিতম্বিনি জমাতিয়া। মহকুমাভিত্তিক এই অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, শারীর শিক্ষকগণ সমবেত যোগা প্রদশনীতে অংশ নেন।

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং মোহনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ মহকুমার তুলাবাগানস্থিত কৃষ্ণমন্দিরে মোহনপুর মহকুমাভিত্তিক দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীণা দেববর্মা, মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ প্রমুখ।

সিপাহীজলা জেলাভিত্তিক দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয় চড়িলাম ব্লকের ভারতরত্ন অটলবিহারী বাজপেয়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অডিটোরিয়ামে। সিপাহীজলা জেলা প্রশাসন এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যৌথ উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি বলেন, দেহ ও মনকে সতেজ রাখতে যোগার বিকল্প নেই। অনুষ্ঠানে বিধায়ক কিশোর বর্মণ বলেন, সুস্থ সমাজ গড়ে তুলতে যোগার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুলিশ সুপার বি জে রেড্ডি, অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার, বিশালগড় মহকুমার মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও সিভিল ডিফেন্সের সদস্যরা সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেন।

জম্পুইজলা মহকুমাতেও আজ দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়েছে। সকালে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিশ্বজিৎ কলই। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মানব দেববর্মা, জম্পুইজলা ব্লকের বিডিও স্বদেশ দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, টিএসআর জওয়ান ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সমবেত যোগায় অংশ নেন।

৩-এর পাতায়

কমলপুর টাউনহল প্রাঙ্গণে আজ সকালে দশম আন্তর্জাতিক যোগা দিবস অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক মনোজ কান্তি দেব। উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেয়।

সোনামুড়া টাউনহলে আজ দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস চেয়ারপার্সন শাহজাহান মিঞা, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক অরূপ দেব। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও অতিথিগণ সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেন।

গোমতী জেলার কাকড়াবন ডায়েট কলেজে আজ দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়। গোমতী জেলা প্রশাসন এবং জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক অভিষেক দেবরায়। অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি বলেন, শারীরিক ও মানসিক সুস্থতার জন্য যোগা অপরিহার্য। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা। সভাপতিত্ব করেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি দেবল দেবরায়। উপস্থিত ছিলেন উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, কাকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুপ্রিয়া সাহা, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুজন কুমার সেন প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেন।

অমরপুর চন্ডীবাড়ি সংলগ্ন মাঠে আজ সকালে অমরপুর মহকুমাভিত্তিক দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়। মহকুমা প্রশাসন এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিৎ দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা। গোমতী জিলা পরিষদের সদস্য মহিভূষণ চক্রবর্তী, অমরপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা, মহকুমা শাসক অমরেশ বর্মণ প্রমুখ।

করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অডিটোরিয়ামে আজ সকালে দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়। মহকুমাভিত্তিক এই অনুষ্ঠানের উদ্বোধন করেন মহকুমা শাসক পার্থ দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন করবুক ব্লকের বিডিও রণতোষ কুমার দেব। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, আরক্ষা কর্মী ও বিভিন্ন দপ্তরের কর্মীগণ সমবেত যোগায় অংশ নেন।

শান্তিরবাজার মহকুমাভিত্তিক দশম আন্তর্জাতিক যোগা দিবস অনুষ্ঠানের আয়োজন করা হয় শান্তিরবাজারের মডেল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে। শান্তিরবাজার মহকুমা প্রশাসন এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেয়।

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক দশম আন্তর্জাতিক যোগা দিবস অনুষ্ঠানের আয়োজন করা হয় বিলোনীয়া মহকুমার বিকেআই মাঠে। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিলোনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ। উপস্থিত ছিলেন জেলাশাসক ও সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, মহকুমা পুলিশ আধিকারিক অভিজিৎ দাস, অতিরিক্ত মহকুমা শাসক আশিস বিশ্বাস প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেয়।

*****